

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪০৪৮

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৯. দ্বিতীয় অনুচ্ছেদ - সন্ধি স্থাপন

আরবী

وَعَن أُميمةَ بنت رقيقَة قَالَتْ: بَايَعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي نِسْوَةٍ فَقَالَ لَنَا: «فِيمَا اسْتَطَعْتُنَّ وَأَطَقْتُنَّ» قُلْتُ: اللَّهُ وَرَسُولُهُ أَرْحَمُ بِنَا مِنَّا بِأَنْفُسِنَا قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ بَايِعْنَا تَعْنِي صَافِحْنَا قَالَ: «إِنَّمَا قَوْلِي لِمِائَةِ امْرَأَةٍ كَقَوْلِي لِامْرَأَةٍ وَاحِدَةٍ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَالنَّسَائِيُّ وَابْنُ مَاجَهُ وَمَالِكُ فِي الْمُوطَّأ

বাংলা

৪০৪৮-[৭] উমায়মাহ্ বিনতু রুকয়কাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, কিছু সংখ্যক মহিলার সাথে আমিও নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে বায়'আত করলাম। তখন তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) আমাদেরকে বলেছেনঃ আমি তোমাদের নিকট হতে এমন কিছু বিষয়ের শপথ নিলাম, যা পালনে তোমরা সক্ষম। আমি বললামঃ আল্লাহ ও তাঁর রসূল আমাদের জন্য আমাদের নিজেদের চেয়ে অধিক দয়াময়। অতঃপর আমি বললামঃ হে আল্লাহর রসূল! আমাদেরকে বায়'আত করে নিন। অর্থাৎ- (পুরুষদের ন্যায়) আমাদের হাতে হাত ধরে বায়'আত গ্রহণ করন। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ শুনো, আমার মুখের বাণী (কথা) দ্বারা একশত মহিলার বায়'আত গ্রহণ করা, একজন মহিলার বায়'আত গ্রহণ করার অনুরূপ। (তিরমিয়ী, নাসায়ী, ইবনু মাজাহ্ ও মুয়াল্বা মালিক)[1]

ফুটনোট

[1] সহীহ: তিরমিয়ী ১৫৯৭, নাসায়ী ৪১৮১, ইবনু মাজাহ ২৮৭৪, মালিক ১৯০৮, মুসনাদে আহমাদ ২৬৪৬৬, ২৭০০৭, সহীহাহ্ ৫২৯, মালিক ১৮৪২, ইবনু হিব্বান ৪৫৫৩, হুমায়দী ৩৪১, মুসতাদরাক লিল হাকিম ৪/৭১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ﴿فَيْمَا اَسْتَطَعْتُنَّ وَأَطَقْتُنَّ وَأَطَقَتُنَّ وَأَطَقَتُنَ وَأَطَقَتُنَ وَأَطَقَتُنَ وَأَطَقَتُنَ وَأَطَقَتُنَّ وَأَطَقَتُنَا السُتَطَعْتُنُ وَأَطَقَتُنَّ وَأَطَقَتُنَ وَأَطَقَعُتُنَ وَأَطَقَتُنَا السُتَطَعْتُنَ وَأَطَقَتُنَا السُتَطَعْتُنَ وَأَطَقَتُنَا السُتَطَعْتُنَ وَأَطَقَتُنَا السُتَطَعْتُنَ وَأَطَقَتُ السُتَطَعْتُنَ وَأَطَقَتُنَا السُتَطَعْتُنَ وَأَطَقَتُنَا السُتَطَعْتُنَ وَأَطَقَتُوا السُتَطَعْتُنَ وَأَطَقَتُ السُلَطَةُ السُلَطُةُ السُلَعُ السُلَطَةُ السُلَطَةُ السُلَطَةُ السُلَطُ اللَّهُ اللَّهُ السُلُطُ اللَّهُ السُلَطُ اللَّهُ السُلَطُ اللَّهُ السُلُطُ اللَّهُ السُلَطُةُ السُلَطُةُ السُلَطُ اللَّهُ السُلَطُةُ اللَّهُ السُلَعُ السُلُطُ اللَّهُ اللَّ



(قُلْتُ : اللّهُ وَرَسُوْلُه أَرْحَمُ بِنَا مِنَّا بِأَنْفُسِنَا) আমরা আমাদের নাফস্রে প্রতি যত না দয়াশীল আল্লাহ ও তাঁর রসূল আমাদের প্রতি তার চাইতে অধিক দয়াশীল। অর্থাৎ আল্লাহ ও তাঁর রসূল আমাদের স্বার্থের দিকে আমাদের চাইতে অধিক লক্ষ্য রাখেন। আর এটা এজন্য যে, তিনি ও তাঁর রসূল আমাদের প্রতি অত্যন্ত দয়ালু।

(یَا رَسُوْلَ اللّٰهِ! بَایِعْنَا) হে আল্লাহর রসূল! আপনি আমাদের বায়'আত নিন। অর্থাৎ আপনি কথার মাধ্যমে তো আমাদের অঙ্গীকার নিয়েছেন। এবার আমাদের হাতে হাত রেখে অঙ্গীকার নিয়ে থাকেন। অর্থাৎ আপুকার নিয়ে থাকেন।

وَاحِدَةٍ) একশত মহিলার সাথে আমার কথা বলা এক মহিলার সাথে কথা বলার মতই। অর্থাৎ যেহেতু আমি মহিলাদের নিকট থেকে অঙ্গীকার নেয়ার ক্ষেত্রে তাদের হাত স্পর্শ করি না শুধু কথা বলার মাধ্যমে তার কাছ থেকে অঙ্গীকার নিয়ে থাকি, তাই তাদের একজনের সাথে যেমন কথা বলি অনুরূপ একশত জনের সাথেও শুধুমাত্র কথাই বলি। কোনো মহিলার হাতের সাথে হাত মিলিয়ে অঙ্গীকার গ্রহণ করি না। (মিরকাতুল মাফাতীহ; তুহফাতুল আহওয়াযী ৪র্থ খন্ড, হাঃ ১৫৯৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উমায়মা বিনতে রুকায়কা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন